

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রতিরক্ষা মন্ত্রণালয়
গণভবন কমপ্লেক্স
শেরেবাংলা নগর, ঢাকা
www.mod.gov.bd

Amun
২৩/১০/১৮
AP
Fahima
২৬/১০/১৮

নম্বর ২৩.০০.০০০০.১৬০.২৭.০৯১.১৬-৩৭

তারিখ: ০১ কার্তিক ১৪২৫
১৬ অক্টোবর ২০১৮

বিষয়: অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তি (Grievance Redress System-GRS) সংক্রান্ত কার্যক্রম।

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর-০৪.০০.০০০০.২২২.২৭.০৩৫.৩৫.০৫, তারিখ: ৭ জানুয়ারি ২০১৫।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে সেবাপ্রত্যাশী জনগণের চাহিদা পূরণের মাধ্যমে জনবান্ধব প্রশাসন গড়ে তোলার উদ্দেশ্যে প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তি সংক্রান্ত কার্যক্রমের সেপ্টেম্বর মাসের প্রতিবেদন পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মন্ত্রিপরিষদ বিভাগের নির্ধারিত 'ছকে' প্রেরণ করা হল।

সংযুক্তি: ৩ (তিন) পৃষ্ঠা।



(আফিয়া খাতুন)

যুগ্ম সচিব ও অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা
প্রতিরক্ষা মন্ত্রণালয়
ফোন: ৯১১০২১২

মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
দৃষ্টি আকর্ষণ: জনাব মোহাম্মদ জাহেদুর রহমান, উপসচিব
সুশাসন ও অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা শাখা।

অনুলিপি:

✓ সিস্টেম এনালিস্ট
প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তি (Grievance Redress System-GRS) কার্যক্রম

মাসের নাম: সেপ্টেম্বর ২০১৮

মন্ত্রণালয়/বিভাগের নাম: প্রতিরক্ষা মন্ত্রণালয়

মন্ত্রণালয়/ বিভাগের নাম	মোট প্রাপ্ত অভিযোগের সংখ্যা	নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা	নিষ্পত্তিকৃত অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ	অনিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা	মন্তব্য
প্রতিরক্ষা মন্ত্রণালয়	৪টি	৩টি	<p>গত ২৪ সেপ্টেম্বর অনলাইনে ৩টি অভিযোগ পাওয়া যায়। তার মধ্যে একটি প্রতিরক্ষা মন্ত্রণালয় সংশ্লিষ্ট এবং একটি শিক্ষা মন্ত্রণালয় সংশ্লিষ্ট। ৩য়টি কোন মন্ত্রণালয়/বিভাগ সংশ্লিষ্ট নয়। ১ম অভিযোগটি জৈনৈক পরেশ চন্দ্র হাওলাদারের। বিষয়ঃ নিয়োগ সংক্রান্ত সুপারিশ থেকে বঞ্চিত হওয়ার অভিযোগ। ২য় অভিযোগটি পূর্বে প্রেরিত একটি অভিযোগের পুনরাবৃত্তি। ইতঃপূর্বেও তা শিক্ষা মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছিল। বর্তমান অভিযোগটিও শিক্ষা মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে (কপি সংযুক্ত) এবং ৩য়টি নথিভুক্ত করা হয়।</p> <p>১ম অভিযোগটির বিষয়ে সংশ্লিষ্ট অনুবিভাগ থেকে জানানো হয় যে, প্রতিরক্ষা মন্ত্রণালয়ের আওতাভুক্ত Military Engineer Services (MES) এর ১০ম গ্রেডভুক্ত উপসহকারী প্রকৌশলী বি/আর পদে লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণকারী জনাব পরেশ চন্দ্র হাওলাদার কর্তৃক লিখিত পরীক্ষায় যে নম্বর প্রাপ্তির কথা উল্লেখ করা হয়েছে, তা সঠিক নয়। পরীক্ষার উত্তরপত্র ঢাকা বিশ্ববিদ্যালয় ও.এম.আর (অপটিক্যাল মার্ক রিডার) মেশিনের মাধ্যমে মূল্যায়ন করা হয়েছে। এ ক্ষেত্রে কারও পক্ষে পরীক্ষার নম্বর জানার বা পরিবর্তনের কোন সুযোগ নেই। মৌখিক পরীক্ষায় কমিটির সদস্যবৃন্দ তাঁকে যে সকল প্রশ্ন জিজ্ঞাসা করেন তার কোন সঠিক উত্তর তিনি দিতে পারেননি, যে কারণে তিনি মৌখিক পরীক্ষায় অনুত্তীর্ণ হন।</p> <p>সুতরাং অভিযোগকারীর অভিযোগ সঠিক নয় এবং তাঁর পরীক্ষার ফলাফল পুনর্মূল্যায়নের কোন সুযোগ নেই মর্মে অভিযোগকারীকে জানিয়ে দেয়া হয়েছে (কপি সংযুক্ত)।</p>	১টি	অনিষ্পত্তিকৃত অভিযোগঃ জনাব মোঃ আবুল বাসার, সহকারী আবহাওয়াবিদ এর বিরুদ্ধে জনাব মোঃ জমির উল্লাহ, অবসরপ্রাপ্ত নিরাপত্তা প্রহরী, ১ম শ্রেণীর আবহাওয়া পর্যবেক্ষণাগার, কুতুবদিয়া, কক্সবাজার কর্তৃক আনীত অভিযোগের পরিপ্রেক্ষিতে প্রতিরক্ষা মন্ত্রণালয়ের ১৯ জুন ২০১৮ তারিখের পত্রের চাহিদা অনুযায়ী অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর খসড়াপত্র গত ৩ জুলাই ২০১৮ তারিখে প্রতিরক্ষা মন্ত্রণালয়ে প্রেরণ করেছে। এ বিষয়ে পরবর্তী কার্যক্রম চলমান আছে।



(আফিয়া খাতুন)

যুগ্ম সচিব ও অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা
প্রতিরক্ষা মন্ত্রণালয়
ফোন: ৯১১০২১২